বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd

নম্বর: ২৮.১১.০০০০.০০০.১১৫.১১.০০০১.১১.৭৯

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: **বিজ্ঞপ্তি ২৫ নভেম্বর, ২০২৬**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ হতে প্রাপ্ত চাহিদার পরিপ্রেক্ষিতে পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহে বিভিন্ন ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডে কেন্দ্রীয়ভাবে জনবল নিয়োগের লক্ষ্যে পেট্রোবাংলা কর্তৃক ০৫-০৩-২০২৪ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপরবর্তীতে অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা সম্পন্ন করে সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণপূর্বক অপেক্ষমাণ প্যানেল হতে সাময়িকভাবে সুপারিশ করে পেট্রোবাংলা কর্তৃক ফলাফল প্রকাশ করা হয়।

পরবর্তীতে পেট্রোবাংলা কর্তৃক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে যথাযথ এজেন্সি কর্তৃক অপেক্ষমাণ প্যানেল হতে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই করা হয়। প্রাপ্ত প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক উপযুক্ত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নক্রমে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের চূড়ান্তভাবে নিয়োগ প্রদানের জন্য পেট্রোবাংলা স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০০.০১১.২৬.০০২৬.২৪.২১৫, তারিখ: ০৮-০৬-২০২৬ খ্রি. এর মাধ্যমে নির্দেশনা প্রদান করে।

উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে অপেক্ষমাণ প্যানেল হতে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল) কর্তৃক সিভিল সার্জন কার্যালয়, কুমিল্লা-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায়, প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত এবং স্বাস্থ্যগত উপযুক্ততার প্রত্যয়ন সন্তোষজনক বিবেচিত হওয়ায় বিজিডিসিএল-এ যোগদানের লক্ষ্যে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের তালিকা নিম্নরূপ:

ক্রম. নম্বর	পদের নাম	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম	নিজ জেলা
১.১	সহকারী ব্যবস্থাপক (মেকানিক্যাল)	14000625	মোঃ মঈন উদ্দীন হাসান	মোঃ আবদুল জব্বার	চট্টগ্রাম
১.২	সহকারী কর্মকর্তা (অর্থ)	35000980	অন্তু বনিক	শিমুল বনিক	ব্রাহ্মণবাড়িয়া

২। উপর্যুক্ত ছকে বর্ণিত প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে এবং ই-মেইল-এর মাধ্যমে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। কোনো প্রার্থী নিজ ঠিকানায় তার নিয়োগপত্র না পেলে বিজিডিসিএল-এ সশরীরে উপস্থিত হয়ে নিয়োগপত্র সংগ্রহ করতে পারবেন।

৩। নিয়োগপত্রে বর্ণিত শর্তসমূহ প্রার্থীগণের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তাদেরকে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি ও মূলকপিসহ আগামী ০১-০৭-২০২৬ খ্রি. তারিখে অফিস চলাকালে সশরীরে উপস্থিত হয়ে যথাযথভাবে যোগদানপত্র দাখিলের মাধ্যমে কাজে যোগদান করতে হবে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

২৫-০৬-২০২৬
নাহিদ বানী ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৩। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

৪। উপ-ব্যবস্থাপক, চেয়ারম্যান-এর সমন্বয় দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। অফিস কপি।